# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো সর্বাবস্থায়, সমস্ত উপায়-উপকরণের ক্ষেত্রে মাখলুখাতের সাথে অন্তরের সমস্ত সম্পর্ক বিচ্ছিন্ন করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ قَطْعِ الْقَلْبِ عَنِ الْخَلَائِقِ بِجَمِيعِ الْعَلَائِقِ فِي أحواله وأسبابه

---

আরবী

728 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا أبو خيثمة قال: حدثنا المقرىء عَنْ حَيْوَةَ بْنِ شُرَيْحٍ عَنْ بَكْرِ بْنِ عَمْرٍو عَنْ عَبْدِ اللَّهِ بْنِ هُبَيْرَةَ عَنْ أَبِي تَمِيمٍ الْجَيْشَانِيِّ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَوْ تَوَكَّلُون عَلَى اللَّهِ حَقَّ توكُّله لَرَزَقَكُمُ اللَّهُ كَمَا يَرْزُقُ الطَّيْرَ تَغْدُو خماصاً وتعود بطاناً)
الراوي : عُمَرَ بْنِ الْخَطَّابِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 728 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২৮. উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যদি তোমরা আল্লাহর উপর যথার্থ তাওয়াক্কুল করতে, তবে অবশ্যই আল্লাহ তোমাদেরকে সেভাবে রিযিক দিতেন, যেভাবে পাখিদের রিযিক দেন; পাখি সকাল বেলা খালি পেটে বের হয়ে যায় আর সন্ধা বেলায় পেট ভরে (বাসায়) ফিরে আসে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩০; হাকিম, আল মুসতাদরাক: ৪/৩১৮; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ১০/৬৯; আব্দুল্লাহ বিন মুবারক, আয যুহদ: ৫৫৯; তিরমিযী: ২৩৪৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১০৮; মুসনাদুশ শিহাব: ১৪৪৪; ইবনু মাজাহ: ৪১৬৪।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে উত্তম বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89230

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন